



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ

টেলিফোন : ৯৫৫৮১০৯, ৯৫৫৮৮৫৮
ওয়েব পেজ : www.krishibank.org.bd
ই-মেইল : dgmfrmd@krishibank.org.bd
তারিখ: ১৩.১২.২০২০ ইং

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৬/২০২০

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংকের বৈদেশিক রেমিট্যান্স ও আয় বৃদ্ধির পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছর হতে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ রেমিট্যান্স আহরণকারী শাখার রেমিট্যান্স কর্মকর্তা/কর্মচারীগণকে আর্থিক পুরস্কার ও প্রশংসা পত্র/সার্টিফিকেট প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

মহামারি করোনাভাইরাসের প্রাদুর্ভাবের মধ্যেও প্রবাসী আয় বা রেমিট্যান্স প্রবাহে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে যা আশাব্যঞ্জক। বিশ্বব্যাংকের সাম্প্রতিক সমীক্ষা অনুযায়ী চলতি বছরে প্রবাসী আয়ে সারা বিশ্বে বাংলাদেশের অবস্থান নবম হতে এক ধাপ এগিয়ে অষ্টম স্থানে থাকবে। উল্লেখ্য ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ বছরে বিকেবি'র রেমিট্যান্স অর্জনের প্রবৃদ্ধির হার যথাক্রমে ৪৬% এবং ৮৯% ছিল। অন্যদিকে বাংলাদেশের আহরিত রেমিট্যান্স অর্জনের প্রবৃদ্ধির হার যথাক্রমে ১০% এবং ১১% ছিল। কিন্তু বর্তমান অর্থ বছরে বিকেবি'র রেমিট্যান্স অর্জনের প্রবৃদ্ধির হার বাংলাদেশের আহরিত রেমিট্যান্স অর্জনের প্রবৃদ্ধির হারের চেয়ে (৪১%-৩০%)=১১% কম আছে।

- ০২। বিগত বছরগুলোর তুলনায় অধিকতর মানসম্পন্ন গ্রাহক সেবা নিশ্চিতকরণের মাধ্যমে ভবিষ্যতে রেমিট্যান্স ব্যবসায়ে অন্যান্য প্রতিযোগী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের তুলনায় বিকেবি'র অবস্থান সুসংহত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মরত রেমিট্যান্স কর্মকর্তা/কর্মচারীগণকে অধিকতর দক্ষতার ও আন্তরিকতার সাথে রেমিট্যান্স সেবা প্রদানে উৎসাহিত করার জন্য ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীকে আর্থিক পুরস্কার ও প্রশংসাপত্র/সার্টিফিকেট প্রদানের জন্য অত্র বিভাগ হতে সুপারিশ করা হয়।
- ০৩। ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের সুপারিশের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের বৈদেশিক রেমিট্যান্স ও আয় বৃদ্ধির পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছর হতে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ রেমিট্যান্স আহরণকারী শাখা ব্যবস্থাপক ও রেমিট্যান্স কর্মকর্তা/কর্মচারীর আর্থিক পুরস্কার ও প্রশংসা পত্র/সার্টিফিকেট প্রদানের বিষয়টি বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৭৯ তম সভায় নিম্নবর্ণিতভাবে অনুমোদিত হয়।

(ক)

ক্রমিক নং	অনুমোদিত ১০ (দশ) টি আর্থিক পুরস্কারের বিবরণ	
	অবস্থান	টাকার পরিমাণ
০১.	১ম	১০,০০০/-
০২.	২য়	৯,০০০/-
০৩.	৩য়	৮,০০০/-
০৪.	৪র্থ	৬,০০০/-
০৫.	৫ম	৫,০০০/-
০৬.	৬ষ্ঠ	৪,০০০/-
০৭.	৭ম	২,০০০/-
০৮.	৮ম	২,০০০/-
০৯.	৯ম	২,০০০/-
১০.	১০ম	২,০০০/-
মোট :		৫০,০০০/-

- (খ) বিকেবি'র শীর্ষ-১০ রেমিট্যান্স আহরণকারী শাখা হতে পুরস্কার প্রদানের নিমিত্ত শাখা বাছাই করতে হবে;
- (গ) আলোচ্য শাখার রেমিট্যান্সের Growth বিগত অর্থ বছরের তুলনায় ন্যূনতম ১৫% বৃদ্ধি পেতে হবে। এক্ষেত্রে কোন শাখা সর্বোচ্চ রেমিট্যান্স আহরণ করলেও পূর্ববর্তী বছরের তুলনায় ১৫% Growth না হলে পুরস্কারের জন্য বিবেচিত হবে না;
- (ঘ) পুরস্কারের অর্থ শাখা ব্যবস্থাপক এবং রেমিট্যান্স কর্মকর্তা (শাখা ব্যবস্থাপক কর্তৃক মনোনীত রেমিট্যান্স প্রদানকারী কর্মকর্তা/কর্মচারী) সমহারে প্রাপ্য হবেন;
- (ঙ) একই অর্থবছরের বিভিন্ন সময়কালে একাধিক রেমিট্যান্স কর্মকর্তা/ শাখা ব্যবস্থাপক নিয়োজিত থাকলে কর্মকালীন সময়ের ব্যক্তি ও আহরিত রেমিট্যান্সের টাকার পরিমাণের আধিক্যের ভিত্তিতে পুরস্কারের জন্য শাখা ব্যবস্থাপক এবং রেমিট্যান্স কর্মকর্তা/কর্মচারী নির্বাচিত হবেন ;
- (চ) এতদ্ব্যতীত আর্থিক পুরস্কারের পাশাপাশি উল্লিখিত ১০জন শাখা ব্যবস্থাপক এবং ১০জন রেমিট্যান্স কর্মকর্তা/কর্মচারীকে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্বাক্ষরে প্রশংসা পত্র / Appreciation Letter প্রদান করা হবে ; এবং
- (ছ) উপরোক্ত মানদণ্ডে বিকেবি'র শীর্ষ-১০ রেমিট্যান্স আহরণকারী শাখা হতে পুরস্কার প্রদানের নিমিত্ত শাখা বাছাই করা সম্ভব না হলে ক্রমানুসারে পরবর্তী শীর্ষ রেমিট্যান্স আহরণকারী শাখাসমূহকে পুরস্কার প্রদানের জন্য বিবেচনায় নিতে হবে।

চলমান পাতা-২

০৪। পর্যদের উপরোক্ত সিদ্ধান্তগুলো বাস্তবায়নার্থে নিম্নোক্তভাবে করণীয় নির্ধারণ করা হলোঃ

শাখাসমূহ :

- (ক) প্রত্যেক শাখা ব্যবস্থাপক তার অধিক্ষেত্রাবীন সকল প্রবাসী এবং প্রবাসীর উপকারভোগীদের ঠিকানা ও মোবাইল নম্বর সংগ্রহ করে একটি রেজিস্টারে লিপিবদ্ধ করতঃ প্রত্যেক প্রবাসী এবং উপকারভোগীগণকে কৃষি ব্যাংক হতে বিশ্বের যে কোন দেশ হতে পাঠানো টাকা তুরিং গতিতে প্রদানের বিষয়টি পত্র দ্বারা জানিয়ে দিতে হবে। পত্রের কপি শাখার ফরেন রেমিট্যান্স সংক্রান্ত পত্রালাপ নথিতে সংরক্ষণ করতে হবে।
- (খ) স্পট ক্যাশ এবং একাউন্ট পেয়ী রেমিট্যান্স প্রাপ্তির সকল তথ্য কোম্পানী ভিত্তিক রেজিস্টারে লিপিবদ্ধ করে নগদে প্রদান / হিসাবভুক্ত করতে হবে।
- (গ) প্রতি অর্থ বছরের রেমিট্যান্স সংগ্রহের লক্ষ্যমাত্রা শাখার সকল কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বন্টন করে সাপ্তাহিক ভিত্তিতে মূল্যায়ন ও সমন্বয়যোগী কর্মপদ্ধতি নির্ধারণ করতে হবে।
- (ঘ) সর্বোচ্চ রেমিট্যান্স সংগ্রহকারী শাখা হিসাবে পুরস্কার প্রাপ্তির লক্ষ্যে অর্থ বছরের শুরু থেকে সকল ধরনের উপযুক্ত কলা কৌশল গ্রহন করে রেমিট্যান্স সংগ্রহে শাখার সকল কর্মকর্তা/কর্মচারীকে একযোগে কাজ করতে হবে।

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সমূহ :

- (ক) পর্যদের সিদ্ধান্ত বাস্তবায়নে শাখা সমূহের রেমিট্যান্স সংগ্রহের সার্বিক কর্মকান্ড নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও মনিটরিং করতে হবে।
- (খ) শাখা হতে রেমিটার ও তাদের উপকারভোগীদের সনাক্ত করে একটি রেজিস্টারে ঠিকানা সংরক্ষণ ও তাদেরকে পত্র প্রেরণের বিষয়টি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপককে শাখা পরিদর্শনকালে যাচাই করে দেখতে হবে।
- (গ) সর্বোচ্চ রেমিট্যান্স সংগ্রহ করে শাখাগুলো যাতে পুরস্কার পেতে পারে সে ব্যাপারে সবাইকে উদ্বুদ্ধ করতে হবে।

বিভাগীয় কার্যালয় সমূহ :

- (ক) বিভাগীয় মহাব্যবস্থাপকগণ আকস্মিক শাখা পরিদর্শনকালে পর্যদের উপরোক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন যাচাই করে দেখবেন এবং সিদ্ধান্ত বাস্তবায়নে কোন শাখা ব্যবস্থাপক শৈথিল্য প্রদর্শন করলে তাৎক্ষনিক প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করবেন।

প্রধান কার্যালয়ঃ

- (ক) ২০২০-২০২১ অর্থ বছর হতে প্রতি অর্থ বছর সর্বোচ্চ রেমিট্যান্স সংগ্রহকারী ১০টি শাখা নির্বাচন করে তাদের পুরস্কারের অর্থ নির্ধারণ পূর্বক ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ মাঠ পর্যায়ে ১টি পত্র জারী করবে এবং পুরস্কার প্রাপ্ত শাখার অনুকূলে পুরস্কারের অর্থ বিতরণ করার জন্য কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ-১ কে অনুরোধ জানাবে।

০৫। পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আজিজুল করী)
মহাব্যবস্থাপক
পরিচালনা ও পরিচালন মহাবিভাগ
(অতিরিক্ত দায়িত্বে)

সূত্র : প্রকা/এফআরএমডি/০১(২১)/(BOD & MCC)/২০২০-২০২১/৮৪০

তারিখ : ১৩.১২.২০২০ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলে) অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/ অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪) সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (আইসিটি (সিস্টেম) বিভাগ অত্র ব্যাংকের ওয়েব সাইটে পরিপত্রটি আপলোডের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।)
- ০৫) সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ০৭) নথি/মহানথি।

(মোহাম্মদ জসিম উদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক